Department of Education
Carmen Fariña, Chancellor

Mayor's Office of Immigrant Affairs

## বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

**অবৈধ শিক্ষার্থীরা কি নিউ ইয়র্ক সিটি স্কুলে ভর্তি হতে পারবে?**

হ্যাঁ। অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুল শিক্ষার অধিকার রয়েছে। ৪ বছর বয়স অথবা যারা ৪ বছরের হবে তারা প্রি-কে-তে ভর্তির যোগ্য এবং সকল অধিবাসীর ৫ বছর বয়স থেকে গ্রাজুয়েশন অর্জন করা অথবা যে স্কুল বছরের শেষে তারা ২১ বছরের হবে সেই পর্যন্ত সকল শিক্ষার্থীর পাবলিক স্কুলে পড়ার অধিকার আছে। ডিওই কর্মকর্তা এবং কর্মীগণ অভিবাসনগত অবস্থা সম্পর্কে কোন প্রশ্ন জিজ্ঞেস করবেন না। তারা অভিবাসনগত অবস্থা সম্পর্কে জানলেও, অবশ্যই তারা বিষয়টি গোপন রাখবেন।

**আমি অবৈধ হলেও কি আমার সন্তানকে স্কুলে পরিদর্শন করতে পারবো?**

হ্যাঁ। ডিওই-র স্কুল পরিদর্শন করতে, আপনার একটি অফিসিয়াল ফটো আইডির প্রয়োজন হবে। ডিওই নিউ ইয়র্ক সিটি কর্তৃক সকল নিউ ইয়র্কারদের জন্য ইস্যুকৃত ফ্রি মিউনিসিপ্যাল আইডি আইডিএনওয়াইসি গ্রহণ করে। আইডিএনওয়াইসি অভিবাসনগত অবস্থার তথ্য সংগ্রহ করে না। আপনি ফ্রি আইডিএন্ওয়াইসি-র জন্য www.nyc.gov/idnyc সাইটে সাইন আপ করতে পারেন।

**আমি যুক্তরাষ্ট্রের নাগরিক নই। আমার কি ডিপোর্টেশনের ব্যাপারে উদ্বিগ্ন হবার কারণ আছে?**
আভিবাসনগত আইন অনেক জটিল এবং প্রত্যেকের জন্য ভিন্ন হতে পারে। আপনি যদি নিশ্চিত না হন যুক্তরাষ্ট্রে আইনগতভাবে থাকা এবং কাজ করা সাম্প্রতিক ইমিগ্রেশন ঘোষণা আপনার অবস্থাকে কতটা প্রভাবিত করেছে, আপনার উচিত আপনার বিকল্পগুলো বুঝতে একজন ইমেগ্রেশন অ্যাটর্নির সাথে কথা বলা। ফ্রি, নিরাপদ ইমিগ্রেশন আইনি সহায়তা লাভে অপয়েন্টমেন্টের জন্য 311 নম্বরে ফোন করে “অ্যাকশনএন্ওয়াইসি” বলুন।

**আমার পরিবার ইরাক, সিরিয়া, ইরান, সুদান, সোমালিয়া, লিবিয়া, অথবা ইয়েমেন থেকে। আমার কি প্রেসিডেন্টের এইসব দেশের উপর ইমিগ্রেশন নিষেধাজ্ঞা ঘোষণার ব্যাপারে উদ্বিগ্ন হবার কারণ আছে?**

জাতীয় সূত্র যাই হোক না কেন, প্রত্যেক শিক্ষার্থীর পাবলিক স্কুল শিক্ষার অধিকার রয়েছে। প্রেসিডেন্টর আদেশ এর কোন পরিবর্তন ঘটায় না। প্রেসিডেন্টের আদেশ আপনার অথবা আপনার পরিবারের সদস্যদের যুক্তরাষ্ট্রে থাকা অথবা বাইরে সফর করার ক্ষমতাকে কতটা প্রভাবিত করতে পারে, তাহলে ফ্রি, নিরাপদ ইমিগ্রেশন সহায়তা পেতে 311 নম্বরে ফোন করে অ্যাপয়েন্টমেন্টের জন্য “অ্যাকশনওনওয়াইসি” বলুন।

আপনার যদি কোন পরিবার সদস্য থাকে যে বর্তমানে এয়ারপোর্টে আটক আছি অথবা আপনি যদি কাউকে চেনেন যে বর্তমানে আটক এবং আপনার শুধু জরুরি সহায়তার প্রয়োজন থাকে, জেএককে ইন্টারন্যাশনাল এয়ারপোর্টে এখনই 844-326-4940 নম্বরে ফোন করে একজন স্বেচ্ছাকর্মী অ্যাটর্নিকের সাথে কথা বলুন।

**সিটি কি ইমিগ্রেশন এনফোর্সমেন্টে অংশগ্রহণ করে?**

সিটি ইমিগ্রেশন আইন প্রয়োগ পরিচালনা করে না। ফেডরেল গভর্নমেন্ট এই প্রয়োগের বিষয়টি দেখে। সিটির গোপনীয়তার নীতি, যা অভিবাসনগত অবস্থা এবং অন্য গোপনীয় তথ্য সংরক্ষণ করে, কার্যত অভিবাসীসহ সকল অধিবাসীর জন্য সিটিকে একটি নিরাপদ, আন্তরিক স্থান হিশেবে প্রস্তুত করে।

Department of Education
Carmen Fariña, Chancellor

Mayor's Office of Immigrant Affairs

**সহায়তার জন্য পুলিশকে কল করা কি আমার জন্য নিরাপদ?**

হ্যাঁ। অপরাধের শিকার, সাক্ষী, অথবা অন্য যাদের সহায়তার দরকার হয় তাদেরকে এনওয়াইপিডি অভিবাসনগত অবস্থার প্রশ্ন জিজ্ঞেস করে না। বিদ্বেষমূলক অপরাধসহ কেউ যদি কোন অপরাধের শিকার হয়, তার উচিত এনওয়াইপিডি-কে 911 নম্বরে কল করে যোগাযোগ করা অথবা এনওয়াইপিডি হেট ক্রাইম টাস্ক ফোর্সের (646) 610-5267 নম্বরে সরাসরি ফোন করা।

**আমি কোথায় ইমিগ্রেশন বিষয়ে আইনি সহায়তা পেতে পারি?**

ফ্রি, নিরাপদ ইমিগ্রেশন আইনি সহায়তা লাভে অপয়েন্টমেন্টের জন্য 311 ফোন করে "অ্যাকশনএনওয়াইসি" বলুন।

লাইসেন্সধারী নয় এমন ইমিগ্রেশন পরিষেবা প্রদানকারীদের সম্পর্কে সতর্ক থাকুন যারা তাদের মক্কেলদের সুযোগ নেয়। শুধুমাত্র বিশ্বস্ত, লাইসেন্সধারী অ্যাটর্নি অথবা সার্টিফিকেটধারী ইমিগ্রেশন প্রতিনিধিদের সহায়তা নিন।

**কী ধরনের সিটি পরিষেবা আমার এবং আমার পরিবারের জন্য লভ্য?**

অবৈধ অভিবাসীসহ, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য অধিকাংশ সিটি পরিষেবা লভ্য, যেমন স্কুলে ভর্তি হওয়া, অথবা স্বাস্থ্য সিস্টেমের প্রযত্ন লাভ, অথবা অন্য পরিষেবা। সিটির কর্মীগণ, তাদের কাজে প্রয়োজন না হলে, অভিবাসনগত অবস্থার প্রশ্ন জিজ্ঞেস করবে না। তারা অবশ্যই অভিবাসনগত তথ্য গোপন রাখবে।

- আইডিএনওয়াইসি – আইডিএনওয়াইসি হলো সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সিটির আইডি কার্ড। আইডিএনওয়াইসি অভিবাসনগত অবস্থার তথ্য সংগ্রহ করে না। www.nyc.gov/idnyc সাইটে একটি অ্যাপয়েন্টমেন্ট করুন।
- **হেলথ কেয়ার**
  - কম খরচের ইমারজেন্সি এবং নন-ইমারেজেন্সি স্বাস্থ্য প্রযত্ন সকল পাবলিক হাসপাতাল এবং ক্লিনিক এবং অন্য ব্যয় বহনযোগ্য ক্লিনিকে লভ্য। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।
  - এনওয়াইসি ওয়েল একটি ফ্রি এবং গোপনীয় সংযোগ যা যেকোন সময়ে ২০০ অধিক ভাষায় মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদান করে। 1-888-NYC-Well ফোন, 65173 নম্বরে WELL টেক্সট করুন, অথবা www.nyc.gov/nycwell সাইটে যান।
- **চাইল্ড কেয়ার** – নিম্ন-আয়ের পরিবারসমূহ যাদের ৬ সপ্তাহ বয়স থে ১২ বছর বয়সী সন্তান রয়েছে তারা ফ্রি-তে অথবা কম-খরচে শিশু প্রযত্ন পরিষেবা পেতে পারে। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।
- **ইমারজেন্সি খাবার এবং আশ্রয়** – নিউ ইয়র্ক সিটিব্যাপী বিভিন্ন স্থানে প্রয়োজন রয়েছে এমন মানুষের জন্য ফ্রি-তে খাবার প্রদান করা হয়। হোমবেস প্রোগ্রাম অধিবাসীদের আশ্রয় কেন্দ্রে যাওয়া এড়ানোতে সহায়তা করতে পারে। আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।

**আমি যদি আমার সন্তানের মতো অনুভব করি অথবা আমি যদি বৈষম্য অথবা হয়রানির শিকার হই, আমার কী করা উচিত?**

কর্মস্থলে, আবাসনে এবং পাবলিক স্কুলসহ পাবলিক জায়গাগুলোতে বেআইনি বৈষম্য, প্রতিহিংসা, এবং হয়রানি মুক্ত হবার অধিকার প্রত্যেক নিউ ইয়র্কবাসীর রয়েছে। অভিযোগ দায়ের করা অথবা আরও জানতে স্কুলের রেসপেক্ট ফর অল (আরএফএ) লিঁয়াজোর সাথে যোগাযোগ করুন, 311 নম্বরে ফোন, অথবা নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস্ হটলাইনের (718)722-3131 নম্বরে কল করুন।